# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নং ঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email : dgmrsd@krishibank.org.bd


ডিএমডি(৩)-পরিপত্র নং ০২/২০২২ তারিখঃ ২৮/১২/২০২২

বিষয় ঃ BKB ISS পোর্টালের কার্যক্রম সকল শাখায় পরিচালন প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট'এর নির্দেশনায় অত্র ব্যাংকের ১০৩৮ টি শাখা কর্তৃক নির্ধারিত এক্সেল ফরম্যাটে তথ্য পূরণ করে CSV-তে রূপান্তরপূর্বক মাসিক ভিত্তিতে ISS রিপোর্ট বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করে থাকে। শাখা কর্তৃক পূরণকৃত আইএসএস রিপোর্টে অনেক সময় প্রযোজ্য সকল তথ্য পূরণ করা হয় না আবার তথ্যে অনেক ভুল/অস্পষ্টতা পরিলক্ষিত হয়; বিশেষ করে স্টেটমেন্ট অব অ্যাফেয়ারস্ এর সাথে কোন কোন তথ্যের গরমিল পরিলক্ষিত হয়। এছাড়া, এন্ট্রিকৃত তথ্যের সাথে পূর্ববর্তী মাস বা তার আগের মাসের তথ্যের ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হলে বাংলাদেশ ব্যাংকের আইএসএমডি কর্তৃক অত্র ব্যাংকের নিকট ব্যাখ্যা চাওয়া হয়। উক্ত গরমিল দূরীকরণসহ তথ্যের সঠিকতা ও নির্ভরযোগ্যতা নিশ্চিতের লক্ষ্যে গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ডিজাইন অনুসারে আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক BKB ISS (ওয়েব লিংক, ইউজার আইডি ও পাসওয়ার্ড যথাযথ মাধ্যমে অবহিত করা হবে) নামে একটি পোর্টাল প্রস্তুত করা হয়েছে।

০২। শাখাসমূহ এখন থেকে BKB ISS পোর্টালে Log in করে স্টেটমেন্ট অব অ্যাফেয়ারস্ ভিত্তিক ফিল্ডসমূহে স্বয়ংক্রিয়ভাবে হিসাবায়নকৃত তথ্য পাবে; এরপর অন্যান্য প্রযোজ্য ফিল্ডসমূহে ম্যানুয়েলী তথ্য সন্নিবেশ করে সম্পূর্ণ বিবরণীটি প্রস্তুত করবে। পরবর্তীতে উক্ত বিবরণীর তথ্যসমূহ কপিকরে বাংলাদেশ ব্যাংকের ISS টেমপ্লেটে পেস্ট করে CSV'তে রূপান্তর পূর্বক বাংলাদেশ ব্যাংক নির্ধারিত পোর্টালে আপলোড করতে হবে।

০৩। পোর্টালে স্বয়ংক্রিয়ভাবে হিসাবায়নকৃত ডাটা/তথ্য কোনক্রমেই পরিবর্তন করা যাবে না। কোন শাখা উক্ত ডাটা পরিবর্তন করে বাংলাদেশ ব্যাংকের পোর্টালে ISS Report আপলোড করলে তথা ভুল/অসম্পূর্ণ তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক প্রণীত আইএসএমডি সার্কুলার নং ০১ তারিখঃ ০৭/০৯/২০২০ এর অনুচ্ছেদ ৪ এ বর্ণিত জরিমানাসহ শাস্তির দায় শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

০৪। এখন থেকে ১ হতে ৫ তারিখ প্রধান কার্যালয় কর্তৃক সকল শাখার স্টেটমেন্ট অব অ্যাফেয়ারস্ ভিত্তিক ফিল্ডসমূহ হিসাবায়নের জন্য সংরক্ষিত রেখে প্রত্যেক শাখাকে মাস ভিত্তিক ISS Report পরবর্তী মাসের ৬ হতে ১৫ তারিখের মধ্যে "পোর্টাল ব্যবহার নির্দেশিকা/User Manual" মোতাবেক প্রস্তুতপূর্বক বাংলাদেশ বাংকের পোর্টালে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২৮/১২/২০২২
(সালমা বানু)
উপব্যবস্থাপনা পরিচালক

প্রকা/গবে ও পরি-৫৭/২০২২-২০২৩/ ৪৬২ তারিখঃ ২৮/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রকা ও সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা;
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা (আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ);
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৭। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক- বিষয়টি তদারকীর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো;
০৮। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক;
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক;
১১। নথি/মহানথি।

28/12/2022
(মোহাম্মদ আহাদ খান )
উপমহাব্যবস্থাপক